গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কক্সবাজার

# কক্সবাজার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জেলা প্রশাসক, কক্সবাজার |
| সভার তারিখ ও সময় | : ০১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ , সকাল ঃ ১০ ঃ ০০ ঘটিকা |
| সভার স্থান | : শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার |
| সভার উপস্থিতি | : সকল সদস্যবৃন্দ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য-সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ করলে সদস্য সচিব, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার সদস্যদের অবগতির জন্য বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সদস্য সচিব সভাকে জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে সাম্প্রতিক বন্যা ও পাহাড়ি ঢলে দেশের পুর্বাঞ্চল ও উপকূলীয় অঞ্চলের ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে কৃষি পুনর্বাসন কর্মসুচির আওতায় রোপা আমন ধানের (উফশী জাত) আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে বীজ, রাসায়নিক সার ও নগদ টাকা বিতরণ বাবদ কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে বিনামূল্যে বীজ, সার ও নগদ টাকা বিতরণের জন্য প্রণোদনা কর্মসূচির ০১টি বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য কক্সবাজার জেলায় আমন উফশী বীজ, সার ও অন্যান্য অনুদান ব্যয় বাবদ ১,৩৬,৬০,০০০/- (এক কোটি ছত্রিশ লক্ষ ষাট হাজার) টাকার অর্থ বরাদ্দ পাওয়া যায় (কপি সংযুক্ত)। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.২২৯ তারিখঃ ২৯/০৮/২০২৪ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত পত্রটি পাঠ করে শুনানো হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত নং-১** ঃ উপস্থিত সদস্যগণ ক্ষতিগ্রস্ত উপজেলায় উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। কক্সবাজার জেলার চকরিয়া, পেকুয়া, রামু, সদর,মহেশখালী ও ঈদগাঁও উপজেলায় উক্ত কর্মসুচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

**খরিপ-২ মৌসুম ঃ আমন উফশী**

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকারভোগীর কৃষকের সংখ্যা | বীজের পরিমাণ (কেজি) | ডিএপি (কেজি) | এমওপি (কেজি) |
|---|---|---|---|---|---|
| ১ | চকরিয়া | ২৫০০ | ১২৫০০ | ২৫০০০ | ২৫০০০ |
| ২ | পেকুয়া | ২৫০০ | ১২৫০০ | ২৫০০০ | ২৫০০০ |
| ৩ | রামু | ১০০০ | ৫০০০ | ১০০০০ | ১০০০০ |
| ৪ | সদর | ৭০০ | ৩৫০০ | ৭০০০ | ৭০০০ |
| ৫ | মহেশখালী | ৬০০ | ৩০০০ | ৬০০০ | ৬০০০ |
| ৬ | ঈদগাঁও | ৭০০ | ৩৫০০ | ৭০০০ | ৭০০০ |
| | **মোট** | ৮০০০ | ৪০০০০ | ৮০০০০ | ৮০০০০ |

**জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল ঃ আমন উফশী**

| ক্রঃ নং | উপকরণ/খাত | আমন উফশী (বিঘা প্রতি খরচ) | |
|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (কেজি) | বিঘা প্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | বীজ | ৫ | ২৭৫ |
| ২ | ডিএপি সার | ১০ | ১৯০ |
| ৩ | এমওপি সার | ১০ | ১৮০ |
| ৪ | নগদ টাকা সহায়তা | - | ১০০০ |
| | মোট | ২৫ | ১৬৪৫ |

**ফসলঃ আমন উফশী**

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯- বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১১) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট (৫+৬) | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | নগদ সহায়তা | মোট (৮+৯+১০) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | চকরিয়া | ২৫০০ | ৬৮৭৫০০ | ৪৭৫০০০ | ৪৫০০০০ | ৯২৫০০০ | ৯৩৭৫০ | ৬২৫০০ | ২৫০০০০০ | ২৬৫৬২৫০ | ৪২৬৮৭৫০ |
| ২ | পেকুয়া | ২৫০০ | ৬৮৭৫০০ | ৪৭৫০০০ | ৪৫০০০০ | ৯২৫০০০ | ৯৩৭৫০ | ৬২৫০০ | ২৫০০০০০ | ২৬৫৬২৫০ | ৪২৬৮৭৫০ |
| ৩ | রামু | ১০০০ | ২৭৫০০০ | ১৯০০০০ | ১৮০০০০ | ৩৭০০০০ | ৩৭৫০০ | ২৫০০০ | ১০০০০০০ | ১০৬২৫০০ | ১৭০৭৫০০ |
| ৪ | সদর | ৭০০ | ১৯২৫০০ | ১৩৩০০০ | ১২৬০০০ | ২৫৯০০০ | ২৬২৫০ | ১৭৫০০ | ৭০০০০০ | ৭৪৩৭৫০ | ১১৯৫২৫০ |
| ৫ | মহেশখালী | ৬০০ | ১৬৫০০০ | ১১৪০০০ | ১০৮০০০ | ২২২০০০ | ২২৫০০ | ১৫০০০ | ৬০০০০০ | ৬৩৭৫০০ | ১০২৪৫০০ |
| ৬ | ঈদগাঁও | ৭০০ | ১৯২৫০০ | ১৩৩০০০ | ১২৬০০০ | ২৫৯০০০ | ২৬২৫০ | ১৭৫০০ | ৭০০০০০ | ৭৪৩৭৫০ | ১১৯৫২৫০ |
| মোট | | ৮০০০ | ২২০০০০০ | ১৫২০০০০ | ১৪৪০০০০ | ২৯৬০০০০ | ৩০০০০০ | ২০০০০০ | ৮০০০০০০ | ৮৫০০০০০ | ১৩৬৬০০০০ |

**সিদ্ধান্ত নং-২ ঃ** এ কর্মসুচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত সাম্প্রতিক বন্যা ও পাহাড়ি ঢলে ক্ষতিগ্রস্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ৫(পাঁচ) কেজি উফশী জাতের রোপা আমন ধান বীজ, ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার ও নগদ ১০০০ টাকা সহায়তা পাবে। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র **১** বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে।

**সিদ্ধান্ত নং-৩ ঃ** কর্মসূচির অর্থ জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স অফিসারের কার্যালয়,কক্সবাজার হতে অগ্রিম উত্তোলন সাপেক্ষে যথাশীঘ্র উপকরণ ব্যয়, পরিবহন ও আনুষঙ্গিক খাতের অর্থ চেকের মাধ্যমে উপজেলায় প্রদানের সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত নং-৪ ঃ** সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বীজ,সার ও নগদ টাকা বিতরণ করে মাস্টাররোলের কপি ও অর্থ খরচের সমন্বয় বিল/ভাউচার (প্রতিটির ০২ কপি) জেলা কমিটির সদস্য সচিবের নিকট প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে উপজেলা কমিটি কর্তৃক দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৫ ঃ** এ কর্মসূচির আমন ধানের উফশী বীজ উপজেলাওয়ারী বিভাজন অনুযায়ী ব্রিধান-৭৫ ও বিনাধান-১৭ জাতের বীজ বিএডিসি এবং ডিএই এর আধুনিক প্রযুক্তিতে ধান,গম ও পাট বীজ উৎপাদন,সংরক্ষণ ও বিতরণ প্রকল্প হতে (বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক প্রত্যায়িত) সংগ্রহ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৬ ঃ** এ কর্মসুচির আওতায় বিতরণযোগ্য উফশী রোপা আমন ধান বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্খিত মানের হতে হবে। কোন অবস্থাতেই বীজ ও সার কাঙ্খিত মানের নিচে হতে পারবে না।

**সিদ্ধান্ত নং-৭ ঃ** ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA`2006 ও PPR`2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

**সিদ্ধান্ত নং-৮ ঃ** নগদ সহায়তার টাকা অবশ্যই কৃষকের ব্যাংক একাউন্ট/বিকাশ/নগদ/রকেট এর মাধ্যমে প্রদান করে মাস্টাররোলে সংরক্ষণ করতে হবে। সার, বীজ ও আনুষঙ্গিক ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৯ ঃ** এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।

সভাপতি বীজ ও সার বিতরণে যাতে কোন অনিয়ম না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে কর্মসূচির রোডম্যাপ (কৃষি পুনর্বাসনের পরিপত্র) অনুযায়ী যথাযথ বাস্তবায়নের জন্য সকলকে তাগিদ ও পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৭/২০২৪

জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।

স্মারক নং ঃ ১২.০১.২০২২.০৪১.৮২.০৭৮.২০ ৫৮৬ তারিখ : ০৭/০৭/২০২৪ খ্রি:

অবগতি ও দ্রুত প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১-৬। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া/পেকুয়া/রামু/সদর/মহেশখালী/ঈদগাঁও, কক্সবাজার।
৭-১২। উপজেলা কৃষি অফিসার, চকরিয়া/পেকুয়া/রামু/সদর/মহেশখালী/ঈদগাঁও , কক্সবাজার।
১৩-১৪। সিনিয়র সহকারী পরিচালক(বীবি)/ উপসহকারী পরিচালক(সার), বিএডিসি ,কক্সবাজার। ( আপনাকে উপজেলা কৃষি অফিসার এর মনোনিত বাহককে প্রণোদনার প্রয়োজনীয় বীজ ও সার সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

১ মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ উপপরিচালক (মনিটরিং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
৬। জেলা মৎস্য কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৭। জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
৮। অফিস কপি

০৭/৭/২০২৪

ড. বিমল কুমার প্রামানিক
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।